



বাংলাদেশ ফুটবল ফেডারেশন

BANGLADESH FOOTBALL FEDERATION



তারিখঃ ১২-০১-২০২১

সংবাদ বিজ্ঞপ্তি

১।

বাংলাদেশ ফুটবল ফেডারেশনের ঢাকা মহানগরী ফুটবল লীগ কমিটির আওতাধীন 'তৃতীয় বিভাগ ফুটবল লীগ ২০১৯-২০' সম্পর্কিত উপ-কমিটির ১ম নিয়মিত সভা অদ্য ১২-০১-২০২১ তারিখ বিকাল ৩:৩০ ঘটিকায় বঙ্গবন্ধু জাতীয় স্টেডিয়ামে ঢাকা মহানগরী ফুটবল লীগ কমিটির ২য় তলার সভা কক্ষে অনুষ্ঠানের সময় নির্ধারিত ছিল। উক্ত কমিটির চেয়ারম্যান ও বাফুফে সহ-সভাপতি জনাব মোঃ ইমরুল হাসান এর নিকট আত্মীয় মৃত্যুবরণ করায় অদ্যকার সভাটি মূলতবী ঘোষণা করা হয়।

২।

বাংলাদেশ ফুটবল ফেডারেশনের ব্যবস্থাপনায় দেশের শীর্ষস্থানীয় ১৩টি ক্লাব ফুটবল দলের অংশগ্রহণে দেশের সর্বোচ্চ লীগ 'বাংলাদেশ প্রিমিয়ার লীগ ২০২০-২১' এর খেলা আগামীকাল ১৩-০১-২০২১ তারিখ হতে ঢাকাসহ দেশের ৪টি ভেন্যু যথাক্রমে বঙ্গবন্ধু জাতীয় স্টেডিয়াম-ঢাকা, শহীদ আহসান উল্লাহ মাষ্টার স্টেডিয়াম, গাজীপুর, বীরশ্রেষ্ঠ ফ্লা: লে: মতিউর রহমান স্টেডিয়াম, মুন্সিগঞ্জ এবং শহীদ ধীরেন্দ্র নাথ স্টেডিয়াম, কুমিল্লায় শুরু হতে যাচ্ছে। উক্ত লীগের খেলাসমূহ 'টি স্পোর্টস' টেলিভিশনের মাধ্যমে সরাসরি সম্প্রচারিত হবে।

৩।

গত ১০-০১-২০২১ তারিখ বঙ্গবন্ধু জাতীয় স্টেডিয়ামে অনুষ্ঠিত সাইফ স্পোর্টিং ক্লাব লিঃ বনাম বসুন্ধরা কিংস এর মধ্যকার ফাইনাল খেলা শেষে বসুন্ধরা কিংস এর খেলোয়াড় জনাব তৌহিদুল ইসলাম সবুজ বাফুফে সিকিউরিটি সুপারভাইজার জনাব সোহেল মাতুব্বরকে আক্রমণ ও অশোভন আচরণের করনে বাফুফে ডিসিপ্লিনারী কমিটি খেলোয়াড় জনাব তৌহিদুল ইসলাম সবুজকে তার নিজ দলের পক্ষে পরবর্তী ২(দুই) খেলায় অংশগ্রহণ হতে বিরত রাখার সিদ্ধান্তসহ ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা আর্থিক জরিমানা করার সিদ্ধান্ত গ্রহণ করে।

৪।

ব্রাদার্স ইউনিয়ন লিঃ কর্তৃক দল-বদল কার্যক্রম দেরীতে সম্পন্ন করায় বিষয়টি সম্পর্কে গত ১১-০১-২০২১ তারিখ পুনরায় বাফুফে প্রেন্সার স্ট্যাটাস কমিটির এক অনলাইন সভা অনুষ্ঠিত হয়। ইতিপূর্বে সংশ্লিষ্ট বিষয়ে বাফুফে নির্বাহী কমিটির সভায় বিস্তারিত আলোচনা শেষে ব্রাদার্স ইউনিয়ন লিঃ এর অতীত ঐতিহ্য এবং বাফুফে কর্তৃক আয়োজিত সকল প্রতিযোগিতায় নিয়মিত অংশগ্রহণের বিষয়টি বিবেচনা করে আসন্ন 'প্রিমিয়ার লীগ ২০২০-২১' এ অংশগ্রহণের বিষয়ে বাফুফে প্রেন্সার স্ট্যাটাস কমিটির নিকট মতামত পেশ করে। বাফুফে প্রেন্সার স্ট্যাটাস কমিটি উল্লেখিত সকল বিষয় সম্পর্কে পর্যালোচনা করতঃ আসন্ন প্রিমিয়ার লীগ ২০২০-২১ এ ব্রাদার্স ইউনিয়ন লিঃ কে অংশগ্রহণের অনুমতি প্রদানের সিদ্ধান্ত গ্রহণ করে।

আহসান আহমেদ অমিত
হেড অব মিডিয়া
বাংলাদেশ ফুটবল ফেডারেশন।